

M.A. Part- I Examination, 2021 (CDOE) B.U.

বিষয় : বাংলা
চতুর্থ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।
(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে)
প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০ x ২ = ২০

- ক) গ্রন্থ-সমালোচনা করতে গিয়ে 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি রচিত হলেও এর মধ্যে বঙ্কিমচন্দ্রের যে-ইতিহাসচেতনা প্রকাশ পেয়েছে, তা বিশদ করুন।
- খ) 'রামায়ণে অসংগতি অসংখ্য' — বাল্মীকি রামায়ণের অসংগতির নানা দৃষ্টান্ত দিয়েও বুদ্ধদেব বসু যে সংগতি-সূত্রটি ধরিয়ে দিতে চেয়েছেন, তা স্পষ্ট করুন।
- গ) 'বিষবৃক্ষ' উপন্যাসে কমলমণি-শ্রীশচন্দ্রের দাম্পত্যকথার গুরুত্ব বিচার করুন।
- ঘ) 'গৃহদাহ' উপন্যাসে মৃগাল চরিত্রটি সংযোজনের ঔপন্যাসিক-অভিপ্রায় নির্দেশ করুন।

চতুর্থ পত্র প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :

প্রশ্নমান : ১০ x ২ = ২০

- ক) 'সধবার একাদশী' নাটকটির নামের মধ্যে যে ব্যঞ্জনা এবং শ্লোষ প্রচ্ছন্ন আছে, তা নাটক অনুসরণে স্পষ্ট করুন।
- খ) 'নুরজাহান' নাটককে 'নারী-ট্রাজেডি' হিসাবে দেখা চলে কিনা তা বিচার করুন।
- গ) 'প্রফুল্ল' নাটকে যে সামাজিক সমস্যা রূপায়িত হয়েছে, তার স্বরূপ ব্যাখ্যা করুন।
- ঘ) 'দিনের তলোয়ার' নাটক এক সুনির্দিষ্ট রাজনৈতিক ভাষ্যের রূপায়ণ।— এই অভিমতের প্রেক্ষিতে নাটকটির গোত্রবিচার করুন।

চতুর্থ পত্র দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।